

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



তাগিদপত্র

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৯.১৯- ০৪২০

তারিখঃ ১৯ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ
০৩ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সময়ে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপ/সিদ্ধান্তসমূহের তালিকা প্রেরণ।

সূত্র-১: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৪২৩.২৩.০০১.১৯-৩৭, তারিখঃ ১৯/০২/২০২০ খ্রিঃ

সূত্র-২: স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৯.১৯-৩৪১, তারিখঃ ০১/০৩/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক একটি সংকলন প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সংকলনে অন্তর্ভুক্তির লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে এ মন্ত্রণালয়ে/বিভাগে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপ/সিদ্ধান্তসমূহ প্রামাণিক দলিলসহ (সার-সংক্ষেপ, প্রজ্ঞাপন ও ছবি) প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। উক্ত পত্রের চাহিত তথ্যাদি অদ্যাবদি এ বিভাগের প্রশাসন-১ অধিশাখায় পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের চাহিত তথ্যাদি জরুরিভিত্তিতে স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ জানানো হল।

২০/১০/২০২০

২০/১০/২০২০

(জাকিয়া পারভীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।